

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিতরের সালাত

### আরবী

وَفِي رِوَايَةٍ لِلنَّسَائِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ أَبِيهِ قَالَ: كَانَ يَقُولُ إِذَا سَلَّمَ: «سُبْحَانَ الْمَلِكِ الْقُدُّوسِ» ثَلَاتًا وَيَرْفَعُ صَوْتَهُ بالثالثة

#### বাংলা

১২৭৫-[২২] নাসায়ীর একটি বর্ণনা 'আবদুর রহমান ইবনু আবযা তার পিতা হতে নকল করেছেনঃ তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন সালাম ফিরাতেন, তিনবার বলতেন "সুবহা-নাল মালিকিল কুদ্স", তৃতীয়বার উচ্চস্বরে বলতেন।[1]

## ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ১৭৩২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: শেষবারে তিনি উচ্চ আওয়াজে দু'আ পড়তেন। এ হাদীসটি ইমাম তাহাবীও বর্ণনা করেছেন এবং আহমাদ বর্ণনা করেছেন। (আহমাদ- ৩য় খন্ড, ৪০৬, ৪০৭ পৃঃ)

এ হাদীস থেকে প্রমাণিত হয় যে, উল্লেখিত যিকর তৃতীয়বারে উচ্চ আওয়াজে পড়া সুন্নাত। আল মাজহার (রহঃ) বলেন, যিকর উচ্চৈঃস্বরে বৈধ, এ হাদীসই তার দলীল। (এ যিকর দ্বারা তথাকথিত পীর-ফকীরদের যিকর উদ্দেশ্য নয়, বরং হাদীসে বর্ণিত কোন শব্দ বা বাক্য)

দীন প্রকাশ করার জন্য, শ্রোতাদের শিক্ষা দেয়ার জন্য এবং উদাসি ব্যক্তিকে জাগ্রত করার জন্য উচ্চ আওয়াজে বলা মুস্তাহাব, যদি তাতে রিয়া বা লোক দেখানো যিকর হওয়ার সম্ভাবনা না থাকে। (অর্থাৎ লোক দেখানো 'ইবাদাত হতে বেঁচে থাকতে হবে)।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন